তারিখ ...... 1 MAY 2017
পৃষ্ঠা ..১৯.. কলাম ..৫....

# শেরেবাংলা স্মৃতি বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ

শেরেবাংলা স্মৃতি বৃত্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। বরিশাল বিভাগ কল্যাণ সংস্থার সভাপতি মোহাম্মাদ ইসমাইল গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই ফল প্রকাশ করেছে। এ সময় সংস্থার সাধারণ সম্পাদক শাহ আলম, শেরেবাংলা স্মৃতি বৃত্তি পরীক্ষার আহ্বায়ক ড. এম. কামাল উদ্দিন জসিম, অধ্যাপক ড. জাকিয়া পারভীন, এম এম জসিম প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়েছে, দেশের সার্বিক উন্নয়নে মেধাবী ➡ পৃষ্ঠা ৪ : কলাম ২

## শেরেবাংলা স্মৃতি

[১৯ পৃষ্ঠার পর]

প্রজন্ম তৈরির জন্য বরিশাল বিভাগ কল্যাণ সংস্থা আগামীতে শেরেবাংলা স্মৃতি বৃত্তি দেওয়ার প্রকল্পটি সব জেলায় সম্প্রসারণের পরিকল্পনা নিয়েছে। ২০১৬ সালের ২৩ ডিসেম্বরের বৃত্তি পরীক্ষায় (তৃতীয় থেকে অষ্টম শ্রেণি) ঢাকা মহানগরীর ১৬টি ও বরিশাল বিভাগের ২৪টি কেন্দ্রে প্রায় ৮ হাজার শিক্ষার্থী লিখিত পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে তিন ক্যাটাগরির ট্যালেন্টপুলে ১০২ জন ও সাধারণ গ্রেডে ঢাকায় ২১৪ জন ও বরিশালে ২০৪ জন বৃত্তির জন্য নির্বাচিত হয়। ট্যালেন্টপুলের ১০২ জনের মধ্যে সম্মিলিত ট্যালেন্টপুলে ৩৫ জন, ঢাকায় ট্যালেন্টপুলে ৩১ জন ও বরিশালে ট্যালেন্টপুলে ৩৬ জন রয়েছে। সংস্থার ওয়েবসাইটে (www.bbks.org.bd) এই বৃত্তি পরীক্ষার ফল পাওয়া যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।